

**উচ্চশিক্ষার প্রচলিত
 ধারা পরিবর্তন
 করতে চাই**
 ইউল্যাবের প্রতিষ্ঠাবার্ষিকীতে
 শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'উচ্চশিক্ষার প্রচলিত ধারা পরিবর্তন করতে চাই। বিশ্ববিদ্যালয় মানে জ্ঞানচর্চা, গবেষণা, নতুন জ্ঞান অনুসন্ধান ও নতুন জ্ঞান সৃষ্টি করা। এ ধারায় আমরা এগিয়ে যাচ্ছি। মানুষকে মানবসম্পদে রূপান্তর করা প্রয়োজন।'

গতকাল সোমবার রাজধানীর ধানমন্ডিতে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) অডিটোরিয়ামে ইউনিভার্সিটির ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষার লক্ষ্য নিয়ে যারা বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন, তাঁদের সরকার সহযোগিতা করে যাবে। কিন্তু মূল্যফার শোডে যারা বিশ্ববিদ্যালয় করেছেন, তাঁদের থাকতে দেব না। নিজস্ব ক্যাম্পাসসহ সকল শর্ত পূরণ করতে হবে। কয়েকটি বিশ্ববিদ্যালয় আমরা বন্ধ করে দিয়েছি। তবে বেশির ভাগ বিশ্ববিদ্যালয় শর্ত পূরণের দিকে এগিয়ে গেছে। এক-তৃতীয়াংশ বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে স্থানান্তরিত হয়েছে। আরো অর্ধেকের বেশি বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রক্রিয়ায় আছে।'

মন্ত্রী বলেন, 'শুধু সার্টিফিকেট অর্জনের জন্য উচ্চশিক্ষা নয়। দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। উচ্চশিক্ষায় সেই বিষয়গুলোতে জোর দিতে হবে, যেগুলোর মাধ্যমে বাস্তবে কাজ করা যায়। আমরা কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরির উদ্যোগ নিয়েছি। বর্তমানে শতকরা ১৪ ভাগ শিক্ষার্থী কারিগরিতে পড়ালেখা করছে। ২০২০ সালে এটা ২০ ভাগে উন্নীত করা হবে।'

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান, ইউল্যাবের ট্রাস্টি বোর্ডের সদস্য কাজী নাবিল আহমেদ এমপি, ইনস্টিটিউট অধ্যাপক রফিকুল ইসলাম, উপাচার্য ড. এইচ এম জাহিরুল হক প্রমুখ।